



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৪৪৬৩/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৫৪৫

তারিখ: ০৯-০৭-২০২৩

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৬-০৬-২০২৩ তারিখের আবেদন (আইডি- (২১৬৮৪))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার রামপাল উপজেলাধীন রামপাল পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের চলমান ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব বাবুল সেখ একটি অভিযোগ দাখিল করেছেন। এমতাবস্থায়, উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৯-০৭-২০২৩

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

উপজেলা নির্বাহী অফিসার
রামপাল, বাগেরহাট।

সংযুক্তি: অভিযোগের ছায়ািলিপি

নথি নং-বিঅ-৬/৪৪৬৩/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৫৪৫ (৬)

তারিখ: ০৯-০৭-২০২৩

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামপাল, বাগেরহাট।
- ৪। প্রধান শিক্ষক, রামপাল পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, রামপাল, বাগেরহাট।
- ৫। অভিযোগকারী, জনাব বাবুল সেখ (০১৮৬১-৩০৩০২২), রামপাল, বাগেরহাট।
- ৬। অফিস নথি।

০৯-০৭-২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

তারিখঃ ২৬/০৬/২০২০ খ্রঃ

রুবাংর,

বিদ্যালয় পরিদর্শক,

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর।

বিষয়ঃ রামপাল পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে অবৈধভাবে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন প্রসঙ্গে।

জনাব,

যথা বিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি বাবুল সেখ, পিতা: শাহাদাৎ সেখ, মাতা: রহিমা বেগম, গ্রাম: দ: শ্রীফলতলা, ডাকঘর: রামপাল, উপজেলা: রামপাল, জেলা: বাগেরহাট। আইডি নং- ০১১৭৩৮৩৬৬৪৯৬৩। আমি একজন অভিভাবক, আমার ভোটার নং- ১৭৮। কিছুদিন পূর্বে জানতে পারি বাগেরহাট জেলার রামপাল উপজেলাধীন রামপাল পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করা হয়। কমিটি গঠনের শুরু থেকে শেষ পর্যন্ত ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকার প্রোপাগান্ডা বাস্তবায়ন, রাজনৈতিক প্রতিহিংসা ও ব্যক্তিস্বার্থ চরিতার্থ করার হীন-মানসিকতা পোষণের নিমিত্তে বিভিন্ন ধরনের অনিয়ম ও বিশৃঙ্খলা পরিলক্ষিত হয়। আমার কাছে প্রতিয়মান বিধি বহির্ভূত কতকগুলো অভিযোগ হলো-


০১) প্রিজাইডিং অফিসার নিয়োগ ও তাহার অনৈতিক কর্মকান্ড। ০২) মৃত: ব্যক্তিকে ভোটার তালিকায় অন্তর্ভুক্তি করণ। ০৩) একই ব্যক্তিকে দুইবার ভোটার করানো। ০৪) ভোটার তালিকায় শিক্ষার্থী এবং অভিভাবক একই ব্যক্তি হিসাবে দেখানো। ০৫) মনোনয়ন ফরমে অসঙ্গতি। ০৬) বিধি মোতাবেক ভোটার তালিকা প্রকাশ না করা। ০৭) ভোটাধিকার বঞ্চিত করা। ০৮) ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা ও বর্তমান সভাপতির প্রোপাগান্ডা বাস্তবায়ন করা সহ নানাবিধ অনিয়ম।

এহেন পরিস্থিতিতে উক্ত নিয়মিত ম্যানেজিং কমিটিটি বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি করছে এবং এলাকায় সচেতন শিক্ষিত ও অভিভাবক মহলে জনরোষ সৃষ্টি করছে।

সুতরাং অভিযোগকৃত বিষয়গুলোর সুষ্ঠু তদন্ত হওয়া একান্ত প্রয়োজন বলে আমি মনে করছি।

অতএব, জনাবের নিকট আমার আকুল প্রার্থনা এই যে, উপরোক্ত বিষয় গুলোর সঠিক তদন্ত পূর্বক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক



বাবুল সেখ

অভিভাবক

গ্রাম: দ: শ্রীফলতলা, ডাকঘর: রামপাল,

উপজেলা: রামপাল, জেলা: বাগেরহাট।

মোবাইল নং-০১৮৬১-৩০৩০২২